

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬: ১১১

া আরবি মূল আয়াত:

قَالُوا اَنُومِنُ لَكَ وَ اتَّبَعَكَ الاَرذَلُونَ ﴿١١١﴾؟

🗚 🕏 অনুবাদসমূহ:

'তারা বলল, 'আমরা কি তোমার প্রতি বিশ্বাস স্থাপন করব, অথচ নিম্নশ্রেণীর লোকেরা তোমাকে অনুসরণ করছে'? — আল-বায়ান

তারা বলল- 'আমরা কি তোমার প্রতি বিশ্বাস করব যখন তোমার অনুসরণ করছে একেবারে নিম্নশ্রেণীর লোকেরা।'
— তাইসিক্ল

তারা বললঃ আমরা কি তোমার প্রতি বিশ্বাস স্থাপন করব, অথচ ইতর লোকেরা তোমার অনুসরণ করছে? — মুজিবুর রহমান

They said, "Should we believe you while you are followed by the lowest [class of people]?" — Sahih International

১১১. তারা বলল, আমরা কি তোমার প্রতি বিশ্বাস স্থাপন করব। অথচ ইতরজনেরা তোমার অনুসরণ করছে?

তাফসীরে জাকারিয়া

(১১১) ওরা বলল, 'আমরা কি তোমার প্রতি বিশ্বাস স্থাপন করব, যখন দেখছি ইতর লোকেরা তোমার অনুসরণ করছে?' [1]

[1] أُرذَلُ শব্দটি أُرذَلُ এর বহুবচন। অর্থঃ ইতর লোক, যাদের সম্মান ও সম্পদ নেই এবং যার কারণে সমাজে তাদেরকে হীন, নীচ ও তুচ্ছ মনে করা হয়। আর সেই সঙ্গে ঐসব লোকও এর মধ্যে শামিল যারা হীন পেশার সঙ্গে জড়িত; এদের সকলকেই বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3043

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন